

# নটর ডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-এর নবীন শিক্ষার্থীদের বরণ, ভারপ্রাপ্ত উপাচার্য-এর বিদায় ও নব নির্বাচিত ভাইস-চ্যান্সেলরকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান



নটর ডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-এর নিজস্ব ক্যাম্পাসে ০৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ বিকাল ৩ ঘটিকায় নতুন শিক্ষার্থীদের বরণ, ভারপ্রাপ্ত উপাচার্য ফাদার বেঞ্জামিন কস্তা, সিএসসি-র বিদায় ও মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নির্বাচিত ভাইস-চ্যান্সেলর ফাদার প্যাট্রিক ড্যানিয়েল গ্যাফনি, সিএসসি-র সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন ঢাকা মহাধর্মপ্রদেশের অবসরপ্রাপ্ত বিশপ থিওটোনিয়াস গমেজ, সিএসসি। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান ফাদার জেমস ক্রেমেন্ট ক্রুশ, সিএসসি। এ ছাড়াও বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড ও সিডিকেট-এর সদস্য, প্রশাসনিক কর্মকর্তা, অফিস স্টাফ, শিক্ষকমণ্ডলী, নবীন শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জাতীয় সংগীত পরিবেশনের সাথে সাথে প্রধান অতিথি ও নব দায়িত্বপ্রাপ্ত উপাচার্য জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ফাদার আদম এস, পেরেরা, সিএসসি, সকলের উদ্দেশ্যে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন। তিনি মানসম্মত শিক্ষা বিস্তার এবং দেশ ও জাতি গঠনে নটর ডেম-এর ভূমিকা উল্লেখ করেন। তিনি আরও বলেন যে নটর ডেম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে হলি ক্রস যাজক সম্প্রদায়ের স্বপ্ন বাস্তবায়িত হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের সূচনা-পর্ব থেকে ভারপ্রাপ্ত উপাচার্য ফাদার বেঞ্জামিন কস্তা, সিএসসি সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় নিরলস পরিশ্রম করে এ প্রতিষ্ঠানটিকে বর্তমান পর্যায়ে নিয়ে এসেছেন। ফাদার আদম তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন ও নবাগত উপাচার্য ফাদার প্যাট্রিক গ্যাফনিকে স্বাগত জানান এবং আশা প্রকাশ করেন যে তাঁর নেতৃত্বে এ বিশ্ববিদ্যালয়ের উত্তোরত্তর সমৃদ্ধ হবে। তিনি নবাগত শিক্ষার্থীদেরকে এই বিশ্ববিদ্যালয় হতে উচ্চ শিক্ষা গ্রহণ করে দেশ ও জাতির সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান।

শিক্ষকদের পক্ষ থেকে ইংরেজি বিভাগের শিক্ষক নাফিসা সুলতানা বিদায়ী উপাচার্যকে বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডে তাঁর অবদানের জন্য কৃতজ্ঞতা জানান এবং নব নিযুক্ত উপাচার্যের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করার আশ্বাস প্রদান করেন। তিনি নবাগত শিক্ষার্থীদেরকে নটর ডেম বিশ্ববিদ্যালয়ের আদর্শে উদ্বুদ্ধ হয়ে লেখাপড়ায় মনোনিবেশ করার জন্য উপদেশ দেন।

প্রক্টর, ফাদার লরেঞ্জ নরেশ দাশ, সিএসসি বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলি সম্পর্কে শিক্ষার্থীদেরকে অবহিত করেন। তিনি আশা পোষণ করেন নবীন শিক্ষার্থীরা সর্ব পর্যায়ে নিয়ম-কানুন অনুসরণ ও শৃঙ্খলা বজায় রেখে এ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করে নিজেদের জীবন গঠনে সচেষ্ট থাকবে। অধ্যয়নরত শিক্ষার্থীদের পক্ষ থেকে বিবিএ প্রোগ্রামের শিক্ষার্থী ওয়াসি ওসমান এবং নবীন শিক্ষার্থীদের পক্ষ থেকে মো. রেজাউল ইসলাম ও ক্যাথরিন মারীয়া কস্তা বক্তব্য প্রদান করেন।



প্রধান অতিথি বিশপ থিওটোনিয়াস গমেজ, সিএসসি বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডকে গতিশীল করার জন্য বিদায়ী উপাচার্য ফাদার বেঞ্জামিন কস্তা-এর প্রশংসা এবং নব নিযুক্ত উপাচার্য ফাদার প্যাট্রিক গ্যাফনি-এর দায়িত্ব পালনকালে সাফল্য কামনা করেন। তিনি শিক্ষার্থীদেরকে সুন্দর জীবন গঠনে অধ্যবসায়, নৈতিকতা, শৃঙ্খলা এবং আধ্যাত্মিকতার শরণাপন্ন হওয়ার পরামর্শ দেন। সকলের সঙ্গে সু-সম্পর্ক স্থাপন ও বুদ্ধিবৃত্তিক উন্নয়নে নিজেদের মেঝার সদ্যবহার করার জন্য প্রধান অতিথি শিক্ষার্থীদেরকে বিশেষভাবে অনুপ্রেরণা প্রদান করেন।



এইচ.জি. ওয়েলস (H. G. Wales)-এর সায়েন্স ফিকশন নিয়ে লেখা পুস্তক “The Time Machine” থেকে উদ্ধৃতি দিয়ে নব নিযুক্ত উপাচার্য বলেন, সময় হচ্ছে জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। এটি কাজে লাগানোর জন্য তিনি নবাগত শিক্ষার্থীদেরকে আহ্বান জানান। ফাদার প্যাট্রিক আরও বলেন যে তিনি তরুণ বয়সে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জন এফ. কেনেডি-র আদর্শ দ্বারা অনুপ্রাণিত হয়ে মানবতার সেবায় নিজেকে উৎসর্গ করার সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন যে সকলের সম্মিলিত প্রচেষ্টায় মানসম্মত শিক্ষা সম্প্রসারণ ও শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ গঠনের মাধ্যমে শিক্ষা নটর ডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ ক্রমান্বয়ে একটি আদর্শ বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে। বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান ফাদার জেমস ক্রুশ, সিএসসি বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনায় ফাদার বেঞ্জামিন কস্তা-র শ্রম, নিষ্ঠা এবং প্রজ্ঞার অকুণ্ঠ প্রশংসা করেন। তিনি নবনিযুক্ত উপাচার্য ফাদার গ্যাফনিকে

সকল প্রকার সাহায্যের আশ্বাস প্রদান করেন। সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীদেরকে শিক্ষাভীতি পরিহার করে অভিজ্ঞ শিক্ষক মণ্ডলীর কাছ থেকে শিক্ষা গ্রহণ করার জন্য তিনি অনুপ্রেরণা দান করেন। ফাদার জেমস প্রত্যাশা করেন যে শিক্ষার্থীরা তাদের জীবন গঠনে খুবই গুরুত্বপূর্ণ শিক্ষা এখান থেকে লাভ করে দেশ ও জাতির সেবার জন্য নিজেদেরকে প্রস্তুত করবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি সাংস্কৃতিক পর্ব অনুষ্ঠিত হয়। এতে কবিতা আবৃত্তি, গান ও নাচ পরিবেশন এবং একটি নাটিকা মঞ্চস্থ করা হয়। এতে অংশগ্রহণ করে নাবিলা, শাহারিয়ার, সিমরান, জয়, ইতি ও শ্যামা এবং ড্রামা ও ফিল্ম ক্লাবের সদস্যবৃন্দ। সমগ্র অনুষ্ঠানটির তত্ত্বাবধানে ছিলেন ফাদার পাস্কাল সরকার, সিএসসি।

ফাদার আদম এস, পেরেরা, সিএসসি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক ও অফিস স্টাফদেরকে ধন্যবাদ জানান। তিনি অনুষ্ঠান প্রস্তুতি কমিটির সকল সদস্যের প্রতি এই অনুষ্ঠান সাফল্যমণ্ডিত করার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পরিশেষে লেখাপড়া ও অন্যান্য বিষয়ে ধারণা প্রদানের জন্য সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ নবাগত শিক্ষার্থীদেরকে শ্রেণিকক্ষে দিক-নির্দেশনা প্রদান করেন।

